14 MAY 2017

# প্রাথমিক বিদ্যালয়ের সেরা শিশুশিল্পীদের হাতে পুরস্কার

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে দেশের সব সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে। গতকাল শনিবার শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে ২০০ জন প্রতিশ্রুতিশীল শিশুশিল্পীর অংশগ্রহণে ২০টি অডিও অ্যালবামের প্রকাশনা উৎসবও করা হয়।

শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংস্কৃতিসচিব ইব্রাহীম হোসেন খান। স্বাগত বক্তব্য দেন একাডেমির সংগীত, পরিচালক সোহরাব উদ্দীন।

প্রতিযোগিতায় প্রত্যেক বিষয়ে প্রথম স্থান অধিকারীকে স্বর্ণের মেডেল, দ্বিতীয় স্থান অধিকারীকে রৌপ্যের মেডেল ও তৃতীয় স্থান অধিকারীকে ব্রোঞ্জের মেডেল দেওয়া হয়েছে। এ ছাড়া সব পুরস্কারপ্রাপ্তকে সনদপত্র ও ২০টি অডিও অ্যালবামের সিডি দেওয়া হয়েছে।

সাংস্কৃতিক অনুষ্ঠানে 'ধনধান্য পুষ্পভরা' এবং 'এ মাটি নয় জঙ্গিবাদের' গানের কথায় দুটি সমবেত সংগীত পরিবেশন করে প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পাওয়া ও অডিও অ্যালবামে অংশগ্রহণকারী শিল্পীরা। এরপর শিশুতোষ আবৃত্তি প্রতিযোগিতায় প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী আবিদা আনজুম অহনা আবৃত্তি পরিবেশন করে। সমবেত নৃত্য পরিবেশন করে ইস্কাটন গার্ডেন উচ্চ বিদ্যালয়ের আমন্ত্রিত নৃত্যদল। বিভিন্ন পরিবেশনায় অংশ নেয় রবীন্দ্রসংগীতে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী আদর্শী চাকমা, নজরুলসংগীতে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সারারা জান্নাত অর্পিতা, দেশ ও মুক্তিযুদ্ধের গানে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী শাহরিয়ার আল সাদাত, উচ্চাঙ্গ নৃত্যে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সমৃদ্ধা সাম্স, নজরুল/রবীন্দ্র আবৃত্তিতে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী তানজিলা তাবাসসুম, একক অভিনয়ে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী স্বাগত সাহা, লোকসংগীতে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী খিজির আহমেদ ভূঁইয়া, দ্বৈত অভিনয়ে প্রথম পুরস্কারপ্রাপ্ত শিল্পী সাদমান সাকিব ও সামিন ইয়াসার এবং সাধারণ নৃত্যে প্রথম মুশরাত জাহান অর্পি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর